অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধান উপদেষ্টার কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৭৪.০০.০০১.২৪-১৪৯;

তারিখ: ০৫ কার্তিক, ১৪৩১ ব:
২১ অক্টোবর, ২০২৫ খ্রি:

**পরিপত্র**

**বিষয়: বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন।**

সূত্র: (ক) ০৩.০০.০০০.০৯২.৯৯.০০১-১২; তারিখ: ০৯ ডিসেম্বর, ২০২৪
(খ) ০৩.০০.২৬৯০.০৭৪.০০.০০১.২৪-৫৮; তারিখঃ২৩ মার্চ, ২০২৫

বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রধান উপদেষ্টার কার্যালয়ের সূত্রোক্ত পরিপত্র এবং অর্থ বিভাগের ০৮ জুলাই, ২০২৫ তারিখের ০৭ নং স্মারকে বিদেশ ভ্রমণ সীমিতকরণসহ বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। লক্ষ্য করা যাচ্ছে যে, জারিকৃত পরিপত্রসমূহের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করে বিদেশ ভ্রমণের ঘটনা ঘটছে। মন্ত্রণালয়সমূহের দায়িত্বপ্রাপ্ত মাননীয় উপদেষ্টা ও সচিব একই সময়ে বৈদেশিক সফরে যাচ্ছেন। একই মন্ত্রণালয়ের অনেক কর্মকর্তা একসাথে বিদেশে যাচ্ছেন। এ ধরনের প্রস্তাব প্রায়ই এ কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে যা সূত্রোক্ত নির্দেশনাসমূহের পরিপন্থী।

০৩। এমতাবস্থায়, ইত:পূর্বে জারিকৃত সকল বিদেশ ভ্রমণ সংক্রান্ত নির্দেশনাসমূহ প্রতিপালন এবং এখন থেকে আগামী জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হওয়া পর্যন্ত একান্ত অপরিহার্য কারণ ব্যতিরেকে বিদেশ ভ্রমণ পরিহার করার জন্য অনুরোধ করা হলো।

২১.১০.২৫
(মোঃ সাইফুল্লাহ পান্না)
সচিব
ফোনঃ০২-৫৫০২৯৪৩৬

**বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ মন্ত্রণালয়/বিভাগ
০৩. মহাপরিচালক (সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪. উপদেষ্টার একান্ত সচিব (সকল)................................................................মন্ত্রণালয়/বিভাগ
০৫. পরিচালক (সকল), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬. মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭. নথি।

E.Letter-SE-20